শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

জেলা পরিষদ
বাগেরহাট।
**www.zpbagerhat.gov.bd**

স্মারক নং- ৪৬.৪২.০১০০.০০১.৩১.১২.২২-৬২৮ তারিখঃ ১৪ আগষ্ট, ২০২২ খ্রিঃ।

# খেয়াঘাট ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত ইজারাদার/ সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এতদসংঙ্গে তালিকায় বর্ণিত জেলা পরিষদ তপশীলভুক্ত ফুলহাতা খেয়াঘাটটি ২০২২-২০২৩ অর্থ বছরের **( ইজারাদেশের তারিখ হতে ৩০ জুন/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত )** জন্য ইজারা বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তাধীনে নির্ধারিত দরপত্র ফরমে **সীলমোহরকৃত খামে** ইজারা দরপত্র আহবান করা যাচ্ছে ।

**শর্তাবলী ঃ-**

১। দরপত্র এ অফিসের অনুমোদন সাপেক্ষে গ্রহণ করা হবে।

২। দরপত্র নির্ধারিত ফরমে সীল মোহরকৃত খামে দাখিল করতে হবে। দরপত্র দাতার নাম,পিতার নাম ও পূর্ণ ঠিকানা দরপত্র ফরমে ও খামে লিখতে হবে এবং ছবি সহ ভোটার আইডি কার্ডের সত্যায়িত ফটোকপি অবশ্যই প্রদান করতে হবে ।

৩। প্রতিটি দরপত্র মূল্য (অফেরৎ যোগ্য) অফিস চলাকালীন সময়ে অত্র অফিস সহ স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট/ উপজেলা নির্বাহী অফিসার, মোড়েলগঞ্জ অফিস হতে দফায় উল্লিখিত তারিখসমূহে ক্রয় করা যাবে এবং দরপত্র সমূহ অত্র অফিস সহ স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়,বাগেরহাট/উপজেলা নির্বাহী অফিসার, বাগেরহাট সদর,বাগেরহাট এর কার্যালয়ে দফায় উল্লিখিত তারিখ সমূহে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র গ্রহণ করা হবে। বিস্তারিত জানার প্রয়োজন হলে অফিস চলাকালীন যে কোন সময়ে জানা যাবে।

## ইজারা দরপত্র ফরম ক্রয়, দাখিল ও খোলার সময় সূচী ঃ

| দরপত্র সিডিউল ক্রয়ের শেষ তারিখ ও সময় ( অফিস চলাকালীন সময়) | দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় | দরপত্র ক্রয় ও দাখিলের স্থান | দরপত্র বাক্স খোলার তারিখ,সময় ও স্থান |
|---|---|---|---|
| ২ | ৩ | ৪ | ৫ |
| ০৫/০৯/২০২২ খ্রিঃ তারিখ | ০৬/০৯/২০২২ খ্রিঃ তারিখ বেলা ১-০০ টা পর্যন্ত | জেলা পরিষদ কার্যালয় সহ স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, মোড়েলগঞ্জ | ০৬/০৯/২০২২ খ্রিঃ তারিখ বেলা ২.০০ টায়। জেলা পরিষদ, বাগেরহাট |

৪। খেয়াঘাট ইজারায় আগ্রহী জণ্মগত পেশাদার পাটনী/ সর্বসাধারন এর সমর্থনে তার বর্তমান পেশার বিবরনসহ সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্র/ ভোটার আইডি কার্ড দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৫। দাখিলকৃত দরপত্রের সংগে উদ্ধৃত মূল্যের ১০০% টাকা হিসেবে ব্যাংক ড্রাফট আকারে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ,বাগেরহাট-এ অনুকুলে দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৬। দরপত্রে উদ্ধৃত মূল্যের উপর ৫% হারে আয়কর ও ১৫% হারে (মূল্য সংযোজন কর) ভ্যাট হিসেবে যার দরপত্র অনুমোদন হবে তাকে অনুমোদনের পর সংশ্লিষ্ট খাতে সোনালী ব্যাংকে ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিয়ে চালানের মূল কপি অত্র অফিসে দাখিল করতে হবে।

৭। দরপত্রে উল্লেখিত উদ্ধৃত দর স্পষ্ট অক্ষরে পৃথকভাবে অংকে ও কথায় লিখতে হবে।

৮। দরপত্র যথাযথভাবে পূরণ এবং স্বাক্ষর করতে হবে। দরপত্রে কাটাকাটি থাকলে তা দরদাতা কর্তৃক স্বাক্ষরিত হতে হবে। অন্যথায় তার দরপত্র বাতিল বলে বিবেচিত হবে।

৯। যার দরপত্র গৃহীত/ অনুমোদিত হবে তাকে অনুমোদন পত্র প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে ইজারা বিধি মোতাবেক ৩০০/= (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট-এর সাথে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

১০। ইজারাদার কোনক্রমেই ইজারা প্রাপ্ত খেয়াঘাটটি অন্য কারো নিকট উপ-বন্দোবস্ত (সাব-লীজ) প্রদান করতে পারবে না। ইজারাদার অনুরূপ কোন কার্যকলাপে লিপ্ত হলে বা ইজারা চুক্তির কোন শর্ত ভংগ করলে তার ইজারা মূল্য বাজেয়াপ্ত সহ ইজারা আদেশ বাতিল বলে গণ্য হবে।

১১। ইজারাদারকে সর্বনিম্ন ০৬ (ছয়) টন ভার বহন করা যায় এমন নৌকা (যন্ত্রচালিত) দ্বারা কমপক্ষে ০২ (দুই)খানা ট্রলার খেয়া পারাপারের কাজে ব্যবহার করতে হবে।

১২। যন্ত্রচালিত প্রতি ট্রলারে সর্বোচ্চ ২৫ থেকে ৩০ জনের বেশী যাত্রী বহন করা যাবে না।

১৩। ট্রলার চালানো দক্ষ ও অভিজ্ঞসম্পন্ন ব্যক্তিদ্বারা সর্বোচ্চ সতর্কতা অবলম্বনপূর্বক যাত্রী বহনকারী ট্রলার চালাতে হবে।

১৪। দরপত্র দাতাকে তার স্ব-স্ব ইউনিয়ন পরিষদ/ পৌরসভা চেয়ারম্যান কর্তৃক প্রদেয় নাগরিকত্ব সনদপত্র দরপত্রের সাথে দাখিল করতে হবে।

১৫। জেলা পরিষদ হতে প্রদত্ত রেট চার্ট অনুযায়ী টোল আদায় করতে বাধ্য থাকতে হবে এবং খেয়াঘাটের উভয় পাড়ে প্রকাশ্য স্থানে রেট চার্ট লটকাতে হবে।

(চলমান পাতা ০২)

১৬। খেয়াঘাটটি জেলা পরিষদের সম্পত্তি বিবেচনা করে সঠিকভাবে রক্ষনা-বেক্ষন করতে হবে এবং যাত্রী সাধারনের খেয়াঘাটে উঠা-নামার ব্যবস্থা করতে হবে। প্রয়োজনে উভয় পাড়ে যাত্রীগণের সুবিধার্থে অস্থায়ী যাত্রী ছাউনী নির্মান ও উভয় পাড়ে সার্চ লাইট লাগাতে হবে।

১৭। কোন শর্তযুক্ত দরপত্র গ্রহণ করা হবে না।

১৮। দরপত্র দাখিল করার পূর্বে খেয়াঘাটটি সরেজমিনে পরিদর্শন করে দরপত্র দাখিল করতে হবে। পরবর্তীতে খেয়াঘাটের বিষয়ে কোন ওজর আপত্তি গ্রহণ যোগ্য হবে না।

১৯। কোন কারণ দর্শানো ব্যতিরেকেই দরপত্র গ্রহণ/ স্থগিত রাখার বা যে কোন বা সমুদয় দরপত্র বাতিল করার ক্ষমতা জেলা পরিষদ, বাগেরহাট কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৪/০৮/২২
( ঝুমুর বালা)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভাঃপ্রাঃ)
জেলা পরিষদ,বাগেরহাট।
ফোনঃ ০২৪৭৭-৭৫২৪৮৮
Email: zpbagerhat@lgd.gov.bd

স্মারক নং- ৪৬.৪২.০১০০.০০১.৩১.১২.২২- 626 (১০০) তারিখঃ ১৪ আগষ্ট, ২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। কমিশনার,খুলনা বিভাগ,খুলনা।
৩। পরিচালক,স্থানীয় সরকার,খুলনা বিভাগ,খুলনা।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরিত হলো ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ**

৪। প্রশাসক,জেলা পরিষদ,বাগেরহাট।
৫। জেলা প্রশাসক,বাগেরহাট।
৬। পুলিশ সুপার, বাগেরহাট।
৭। উপপরিচালক,স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়,বাগেরহাট ।
৮। সিভিল সার্জন,বাগেরহাট।
৯। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/ সড়ক ও জনপথ অধিদপ্তর/এলজিইডি/ পানি উন্নয়ন বোর্ড/ বাগেরহাট।
১০। উপজেলা চেয়ারম্যান,.......................................বাগেরহাট (সকল)
১১। উপজেলা নির্বাহী অফিসার, .......................................বাগেরহাট (সকল)
১২। মেয়র, বাগেরহাট পৌরসভা।
১৩। সহকারী কমিশনার (ভূমি), বাগেরহাট সদর, বাগেরহাট।
১৪। সাব-রেজিষ্ট্রার,বাগেরহাট সদর,বাগেরহাট।
১৫। অফিসার ইনচার্জ, বাগেরহাট সদর মডেল থানা/রামপাল/মোড়েলগঞ্জ বাগেরহাট।
১৬। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ,বাগেরহাট।
১৭। প্রশাসনিক কর্মকর্তা, জেলা পরিষদ,বাগেরহাট।
১৮। হিসাব রক্ষক, জেলা পরিষদ,বাগেরহাট।
১৯। চেয়ারম্যান, ....................................... ইউনিয়ন পরিষদ, ............................ উপজেলা, জেলা-বাগেরহাট।
২০। জনাব ..............................................................................................................................
২১। অফিস কপি/ নোটিশ বোর্ড।

## বাগেরহাট জেলা পরিষদ তফশীলভূক্ত ২০২২-২০২৩ অর্থ বছরে সরকারী সম্ভাব্য ইজারামূল্য সহ ইজারা যোগ্য খেয়াঘাটের তালিকা ঃ-

| ক্রমিক নং | উপজেলার নাম | খেয়াঘাটের নাম | খেয়াঘাটের শ্রেনী | সিডিউলের মূল্য (অফেরৎ যোগ্য) | ২০২২-২০২৩ অর্থ বছরের সম্ভাব্য ইজারামূল্য |
|---|---|---|---|---|---|
| ০১ | মোড়েলগঞ্জ | ফুলহাতা খেয়াঘাট | ২য় শ্রেণী | ৬০০/- | ১,৬৭,৭৫০/- |

১৪/০৮/২২
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভাঃপ্রাঃ)
জেলা পরিষদ,বাগেরহাট।